DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Jul 2026, 04:35 PM

সারাদেশ

# শীতলক্ষ্যা নদীতে নিখোঁজ ডুবুরি সাদিকের মরদেহ উদ্ধার

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৬ জুলাই ২০২৬, ০৮:১৫ PM



নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা নদীতে নিখোঁজ হওয়া ফায়ার সার্ভিসের ডুবুরি মো. সাদিকের মরদেহ উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার (১৬ জুলাই) সন্ধ্যায় শহরের নিতাইগঞ্জ এলাকায় শীতলক্ষ্যা নদী থেকে তাঁর মরদেহটি উদ্ধার করে ফায়ার সার্ভিসের ডুবুরি দল।

নিহত ফায়ার সার্ভিস কর্মী মো. সাদিক রাজবাড়ী জেলার কুমড়াকান্দি গ্রামের আশরাফ শেখের ছেলে। তিনি নারায়ণগঞ্জ নদী ফায়ার স্টেশনের একজন দক্ষ ডুবুরি সদস্য ছিলেন এবং সাহসিকতার জন্য রাষ্ট্রীয় পদকপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন।

ফায়ার সার্ভিস সূত্রে জানা গেছে, এদিন সকাল আনুমানিক ১১টার দিকে শহরের নিতাইগঞ্জ এলাকার শীতলক্ষ্যা নদীর ফায়ার জেটিতে নারায়ণগঞ্জ নদী ফায়ার স্টেশনের একটি স্পিডবোটের রক্ষণাবেক্ষণ কাজ চলছিল। এ সময় ডুবুরি সদস্য সাদিক, শামসুল এবং স্পিডবোট চালক সজল একসঙ্গে দায়িত্ব পালন করছিলেন। কাজের একপর্যায়ে সাদিক স্পিডবোট থেকে আকস্মিকভাবে নদীতে পড়ে যান এবং মুহূর্তের মধ্যে পানিতে তলিয়ে নিখোঁজ হন।

এদিকে ঘটনার পরপরই ফায়ার সার্ভিসের ডুবুরি দল, বিআইডব্লিউটিএ, বাংলাদেশ নেভি ও বাংলাদেশ কোস্ট গার্ডের ডুবুরি টিম ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করে। পরবর্তীতে সন্ধ্যায় ডুবুরিদল তার মরদেহ উদ্ধার করে।

নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিসের সহকারী উপ-পরিচালক আব্দুল্লাহ আল আরেফিন জানান, ঘটনার খবর পাওয়ার পরপরই ফায়ার সার্ভিসের ডুবুরি দল উদ্ধার অভিযান শুরু করে। নদীর বিভিন্ন স্থানে তল্লাশি চালিয়ে সন্ধ্যার দিকে তার মরদেহটি উদ্ধার করা হয়।

---

## এ বিভাগের আরও খবর



**উদ্বোধনের আগেই বিবর্ণ ৭২ কোটি টাকার ভারতীয় মৈত্রীস্তম্ভ**
ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে মুক্তিযুদ্ধে আত্মদানকারী ভারতীয় মিত্রবাহিনীর সদস্যদের স্মরণে নির্মিত 'মৈত্রীস্তম্ভ' উদ্বোধনের আগেই সৌন্দর্য হারাতে...




**ব্রাহ্মণবাড়িয়ায় ৯৬ বোতল ইসকফ সিরাপসহ যুবক গ্রেপ্তার**
ব্রাহ্মণবাড়িয়ার সদর উপজেলায় অভিযান চালিয়ে ৯৬ বোতল ইসকফ সিরাপসহ এক যুবককে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৯।র‍্যাব-৯ জান...



**নারায়ণগঞ্জের আদমজী ইপিজেডে পোশাক কারখানার কাপড়ের গুদামে আগুন, নিয়ন্ত্রণে ৯ ইউনিট**
নারায়ণগঞ্জের আদমজী রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এলাকায় একটি পোশাক কারখানার কাপড়ের গুদামে আগুন লাগার ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার...



**ফটিকছড়িতে বৃহস্পতিবার সকাল-সন্ধ্যা হরতালের ডাক**

নবগঠিত ফটিকছড়ি উত্তর উপজেলার সদর দপ্তর জনসাধারণের জন্য সহজ যোগাযোগযোগ্য ও ভৌগোলিকভাবে সুবিধাজনক স্থানে স্থাপনের দাবিতে আন্দোলন চলছে। এর অংশ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/shitlkshja-ndite-nikhonj-duburi-sadiker-mrdeh-uddhar